# BANKURA UNIVERSITY
## B. A. Semester I (Programme) Examination 2017
## BENGALI

**Subject Code : 10104** Course Code : APBNG-101C-1A

Course Title : Bengali

**Full Marks : 40** **Time : 2 Hours**

*The figures in the right hand side margin indicate marks.*

**১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ** ২ x ৫ = ১০

ক) বাংলাভাষার অব্যবহিত পূর্ববর্তী ভাষাটির নাম কী? কোন্ সময়টিকে বাংলাভাষার আদি যুগ বলা হয় ? ১ + ১ = ২

খ) কে, কত খ্রিষ্টাব্দে চর্যাপদের পুথি আবিষ্কার করেন ? ২

গ) শ্রীকর নন্দীর নাম কোন্ গ্রন্থের অনুবাদের সঙ্গে যুক্ত? তিনি কোন্ রাজসভার পৃষ্ঠপোষকতা পেয়েছিলেন ? ১ + ১ = ২

ঘ) ভারতচন্দ্র রায়গুণাকরের শ্রেষ্ঠকাব্যটির পরিচয় দাও। ২

ঙ) চৈতন্য পরবর্তী যুগের দুজন বৈষ্ণব কবির নাম লেখো। ২

চ) শঙ্কর কবিচন্দ্রের পরিচয় দাও। ২

ছ) নারয়ণদেব কোন্ শতাব্দীর কবি ? তাঁর উপাধি কী ছিল ? ১ + ১ = ২

জ) কোন্ রচয়িতার কোন্ গ্রন্থে চৈতন্যদেবের মৃত্যুর বাস্তবসম্মত কারণ দেখানো হয়েছে? ২

ঝ) 'ময়মনসিংহগীতিকা'-র দুটি পালার নাম লেখো। ২

ঞ) গাথাসাহিত্য বলতে কী বোঝো ? ২

**২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫ x ২ = ১০

ক) বাংলাসাহিত্যে তুর্কি আক্রমণের ফলে কীরূপ প্রভাব পড়েছিল তা সংক্ষেপে লেখো। ৫

খ) চৈতন্য-পূর্ব ও চৈতন্য-পরবর্তী বৈষ্ণবসাহিত্যের পার্থক্যগুলি লেখো। ৫

গ) কাশীরাম দাসের মহাভারতের অনুবাদ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫

ঘ) কেতকাদাস ক্ষেমানন্দর রচিত গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

ঙ) গাথাকাব্য রূপে 'মৈমনসিংহ গীতিকা'র পরিচয় দাও। ৫

৩। **যে কেনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** **১০ x ২ = ২০**

ক) বাংলাসাহিত্যে চর্যাপদের গুরুত্ব বুঝিয়ে দাও। ১০

খ) মধ্যযুগে বাংলাভাষায় লেখা চৈতন্যের শ্রেষ্ঠ জীবনীকাব্যটির রচয়িতার নাম উল্লেখ করে তাঁর শ্রেষ্ঠত্বের পরিচয় দাও। ১০

গ) রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদগ্রন্থটির মধ্যে বাঙালির জীবন কতখানি প্রতিফলিত হয়েছে, তা আলোচনা করো। ১০

ঘ) কবি মুকুন্দ চক্রবর্তীর কবি কৃতিত্বের পরিচয় দাও। ১০

ঙ) বাংলাসাহিত্যে ময়মনসিংহগীতিকা'র মহুয়া অথবা মলুয়া পালার কাহিনির গঠন বিষয়ে আলোকপাত করো। ১০

# BANKURA UNIVERSITY
## B. A. Semester I (Programme) Examination 2017
## BENGALI

**Subject Code : 10105** Course Code : APBNG-103/C - MIL-I

Course Title : Bengali (MIL)

**Full Marks : 40** **Time : 2 Hours**

*The figures in the right hand side margin indicate marks.*

**১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ** **২ x ৫ = ১০**

ক) ফোর্ট উইলিয়াম কলেজ কবে প্রতিষ্ঠিত হয়? এই কলেজ স্থাপনের প্রধান উদ্দেশ্য কী ছিল? ১ + ১ = ২

খ) 'হুতোম প্যাঁচার নক্সা' কার লেখা? এটি কী জাতীয় রচনা? ১ + ১ = ২

গ) 'ছদ্ম মিশনারী' কবিতাটি কী বিষয়ে লেখা? ২

ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঈশ্বর গুপ্তকে কেন 'খাটি' বাঙালী কবি' বলেছেন? ২

ঙ) "Dialogues intended to facilitate the acquiring of the Bengali Language" এই তর্জমাটি কোন গ্রন্থের নির্দেশক? লেখক কে? ১ + ১ = ২

চ) গ্রন্থটির কতগুলি অধ্যায় বর্তমান? প্রথম অধ্যায়টির নাম লেখো। ১ + ১ = ২

ছ) 'রাজপুত জীবনসন্ধ্যা'য় কোন ঘটনার কথা উল্লিখিত? ২

জ) 'রাজপুত জীবনসন্ধ্যা' গ্রন্থটি কবে প্রকাশিত হয়? এর মূল বিষয়বস্তু কী? ২

ঝ) কুলীনকুল সর্বস্ব কোন্ শ্রেণির নাটক? এর নায়ক কে? ১ + ১ = ২

ঞ) 'আমরা কুলীনের ছেলে, আমাদের ওরকম হয়ে থাকে, তাতে ক্ষতি কি'? — কে, কাকে একথা বলেছে? ১ + ১ = ২

**২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** **৫ x ২ = ১০**

ক) বাংলা গদ্যের উন্নয়নে রাম মোহন রায়ের বিতর্কমূলক গ্রন্থগুলির ভূমিকা সংক্ষেপে আলোচনা করো। ৫

খ) ঈশ্বর গুপ্তের 'স্বদেশ' কবিতায় স্বদেশচেতনার পরিচয় দাও। ৫

গ) 'কুলীনকুলসর্বস্ব' নাটকে কৌলীন্য প্রথার কুফল কী ভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো। ৫

ঘ) 'কথোপকথন' গ্রন্থ অবলম্বনে যাজক ও যজমানের সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও। ২ + ৩ = ৫

ঙ) ‘রাজপুত জীবনসন্ধ্যা’ উপন্যাসের নামকরণের সার্থকতা সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

৩। **যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** **১০ x ২ = ২০**

ক) কৌলিন্য প্রথা বিরোধী নাটক হিসেবে কুলীনকুল সর্বস্ব নাটকের ঐতিহাসিক গুরুত্ব নিরূপণ করো। ১০

খ) যুগসন্ধির কবি হিসেবে ঈশ্বরচন্দ্র গুপ্তকে উল্লেখ করা হয় কেন, তা যুক্তি সহ আলোচনা করো। ১০

গ) ‘কথোকথন গ্রন্থের’ গঠনগত বৈশিষ্ট্য বিষয়ে আলোচনা করো। ১০

ঘ) ‘রাজপুতজীবন সন্ধ্যা’ গ্রন্থটির ঐতিহাসিকতা বিষয়ে আলোকপাত করো। ১০

ঙ) ঊনবিংশ শতকের বাংলা কাব্যসাহিত্যে মহাকাব্য ধারার উদ্ভব ও বিলয়ের একটি নাতিদীর্ঘ পর্যালোচনা কর। ১০

# BANKURA UNIVERSITY
## B. A. Semester I (Hons) Examination 2017
## BENGALI

**Subject Code : 10103** Course Code : AHBNG-103 GE

Course Title : Bengali

**Full Marks : 40** **Time : 2 Hours**

*The figures in the right hand side margin indicate marks.*

**১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ** ২ x ৫ = ১০

ক) বাংলাভাষা কোন্ মূল ভাষা বংশের অন্তর্ভুক্ত? এই ভাষাভাষী লোকদের কোন্ জাতির অন্তর্ভুক্ত করা হয়?

খ) বাংলা সাহিত্যের ইকিহাসে তুর্কি আক্রমণের দুটি প্রত্যক্ষ প্রভাবের কথা উল্লেখ করো।

গ) ''মৈথিলী কোকিল'' কাকে বলা হয় ও কেন?

ঘ) বাংলা ভাষায় রচিত প্রথম চৈতন্য জীবনী গ্রন্থের নাম লেখো। গ্রন্থটির রচয়িতা কে?

ঙ) কৃত্তিবাস রচিত রামায়ণ সর্বপ্রথম কোথা থেকে ও কখন মুদ্রিত হয়?

চ) মালাধর বসু 'ভাগবতে'র কোন অংশ অনুবাদ করেন? তাঁর কাব্যের নাম কী?

ছ) মনসামঙ্গল কাব্যধারার রাঢ়ের দুজন কবির নাম লেখো।

জ) 'অন্নদামঙ্গল'কে রবীন্দ্রনাথ ঠাকুর কী উপমায় কেন অভিহিত করেছেন?

ঝ) 'বিদ্যাসুন্দর' কাব্যের দুজন কবির নাম লেখো।

ঞ) কমলাকান্ত ভট্টাচার্য কোন্ স্থানের অধিবাসী ছিলেন? তিনি কোন্ রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন?

**২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫ x ২ = ১০

ক) প্রাচীন বাংলা সাহিত্যের নিদর্শন রূপে চর্যাগানের সাহিত্যমূল্য বিশ্লেষণ করো।

খ) কবি কৃষ্ণদাস কবিরাজ রচিত চৈতন্য জীবনী গ্রন্থটির বিশেষত্ব গুলি লিপিবদ্ধ করো।

গ) অনুবাদক কৃত্তিবাস ওঝার পরিচয় দাও।

ঘ) চণ্ডীমঙ্গল কাব্য ধারায় মুকুন্দ চক্রবর্তীর কবি প্রতিভার পরিচয় দাও।

ঙ) বাংলা সাহিত্যের ইতিহাসে বাউল গানের গুরুত্ব লেখো।

**৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ** **১০ x ২ = ২০**

ক) কবি বড়ু চণ্ডীদাস রচিত "শ্রীকৃষ্ণকীর্তন" কাব্যের সমাজ ভাবনা বিষয়ে আলোচনা করো।

খ) পদকর্তা গোবিন্দ দাসের কবি প্রতিভার পরিচয় দাও।

গ) মহাভারতের অনুবাদক রূপে কাশীরাম দাসের শ্রেষ্টত্বের পরিচয় লিপিবদ্ধ করো।

ঘ) বাংলা সাহিত্যে ইতিহাসে ভারতচন্দ্র রায়গুণাকরের শ্রেষ্ঠত্বের দিকগুলি আলোচনা করো।

ঙ) বৈষ্ণব পদাবলি ও শাক্তপদাবলির তুলনামূলক আলোচনা করো।

# BANKURA UNIVERSITY
## B. A. Semester I (Hons) Examination 2017
## BENGALI

**Subject Code : 10102** Course Code : AHBNG-102 C

Course Title : Bengali

**Full Marks : 40** **Time : 2 Hours**

*The figures in the right hand side margin indicate marks.*

**১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ** **২ x ৫ = ১০**

ক) ‘মেঘদূত’ কাব্যটি কটি খণ্ডে বিভক্ত ? খণ্ডগুলির নাম লেখো ? ১ + ১ = ২

খ) ‘মৃচ্ছকটিক’ কার লেখা ? এটি কী জাতীয় রচনা ? ১ + ১ = ২

গ) জেমস জয়েসের দুটি উপনাসের নাম লেখো। ২

ঘ) ‘আইভানহো’ গ্রন্থটির রচয়িতার নাম লেখো ? তাঁর অপর একটি রচনার নাম উল্লেখ করো। ১ + ১ = ২

ঙ) কবি কীটসের মৃত্যুতে শেলীর রচিত বিখ্যাত শোককাব্যটির নাম কী ? এটির প্রকাশ সাল উল্লেখ করো ? ১ + ১ = ২

চ) মাত্রাবৃত্ত ছন্দকে কটি ভাগে ভাগ করা হয় ? সেগুলির নাম লেখো ? ১ + ১ = ২

ছ) ছেদ কাকে বলে ? এটি অন্য কী নামে পরিচিত ? ১ + ১ = ২

জ) ‘‘অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ, কোনো গুণ নাহি তার কপালে আগুণ’’ — এটি কোন্ অলঙ্কারের দৃষ্টান্ত ? অলঙ্কারটির সংজ্ঞা দাও। ১ + ১ = ২

ঝ) উদাহরণ সহ শ্লেষ অলঙ্কারের পরিচয় দাও। ২

ঞ) গলসওয়াদির দুটি রচনার নাম লেখো। ২

**২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** **৫ x ২ = ১০**

ক) নাট্যকার ভাস মহাভারত অবলম্বনে যে সমস্ত নাটক রচনা করেছেন, সেগুলির নামোল্লেখ সহ সংক্ষিপ্ত বিবরণ দাও।

খ) ‘টু দি স্কাইলার্ক’ ও ‘টু এ স্কাইলার্ক’ কবিতা দুটি কোন্ কোন্ কবির লেখা ? তাদের কাব্যভাবনার সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) আধুনিক ইংরেজি সাহিত্যের ইতিহাসে টি.এস. এলিয়টের ভূমিকার সংক্ষিপ্ত মূল্যায়ণ করো।

ঘ) ছন্দ লিপিকরণ করোঃ-

হে মহাজীবন আর এ কাব্য নয়,

এবার কঠিন কঠোর গদ্য আনো।

পদলালিত্য ঝংকার মুছে যাক

গদ্যের কড়া হাতুড়িকে আজ হানো।

ঙ) উদাহরণ সহ বিরোধমূলক অলঙ্কারের পরিচয় লিপিবদ্ধ করো।

**৩। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** **১০ x ২ = ২০**

ক) সংস্কৃত সাহিত্যের বিখ্যাত রচনাকার কালিদাস ও তাঁর সৃষ্টি সম্বন্ধে তোমার সু-চিন্তিত অভিমত ব্যক্ত করো।

খ) ওয়ার্ডসওয়ার্থের কবি প্রতিভার পরিচয় দাও।

গ) ইংরেজি নাটকে বানার্ড শ-এর অবদান সম্পর্কে আলোকপাত করো।

ঘ) ‘‘মন্দির বাহির কঠিন কপাট।

চলইতে শঙ্কিল পঙ্কিল বাট।।

তঁহি অতি দূরতর বাদর দোল।

বারি কি বারই নীল নিচোল।।’’

উপরোক্ত অংশটির ছন্দ লিপিকরন সহ ছন্দটির সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লিপিবদ্ধ করো।

ঙ) ‘উপমা’-অলঙ্কারের সংজ্ঞা দান করে বিভিন্ন প্রকারের উপমার পরিচয় দাও।

# BANKURA UNIVERSITY
# B. A. Semester I (Hons)Examination 2017
## BENGALI

**Subject Code : 10101** Course Code : AHBNG-101 C

Course Title : Bengali

**Full Marks : 40** **Time : 2 Hours**

*The figures in the right hand side margin indicate marks.*

**১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ** ২ x ৫ = ১০

ক) চর্যাগীতিতে কোন্ ধর্মের সাধন পদ্ধতির কথা বলা হয়েছে? চর্যায় কোন্ নাটকের অভিনয়ের কথা আছে? ১ + ১ = ২

খ) চর্যাপদের পদকর্তা হিসাবে মোট কত জনের নাম পাওয়া যায়? চর্যাপদের সর্বাধিক পদ রচনার কৃতিত্ব কোন্ কবির? ১ + ১ = ২

গ) 'নিন্দাউলি মৃন্তে তাক নিন্দাইব আমি' উদ্ধৃতির প্রসঙ্গ উল্লেখ করো। ২

ঘ) 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যের কয়টি খন্ড? প্রথম চারটি খন্ডের নাম উল্লেখ করো। ১ + ১ = ২

ঙ) ভারতচন্দ্রের 'যাবনী মিশাল '-এর স্বরূপ কী? ২

চ) অন্নদামঙ্গল কাব্যে ব্যবহৃত দুটি প্রবাদের উল্লেখ করো? ১ + ১ = ২

ছ) 'হুতোম প্যাঁচার নক্সা'-গ্রন্থটির কয়টি খন্ড। গ্রন্থটিতে মোট কটি নক্সা আছে? ১ + ১ = ২

জ) 'হুতোম প্যাঁচার নক্সা'র অন্তর্গত দুটি বড় ও দুটি ছোট নক্সার নাম লেখো? ১ + ১ = ২

ঝ) বিলেত যাওয়ার পূর্বে বিলেতি চালচলন শেখার জন্য রবীন্দ্রনাথকে কোথায়, কার কাছে পাঠানো হয়েছিল? ১ + ১ = ২

ঞ) রবীন্দ্রনাথ কার অনুরোধে কত বছর বয়সে 'ছেলেবেলা' গ্রন্থটি লিখেছেন? ১ + ১ = ২

**২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫ x ২ = ১০

ক) চর্যাপদ প্রাচীন বাংলার প্রথম সাহিত্য নিদর্শন — এই বক্তব্য বিশ্লেষণকরো।

খ) 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্য অবলম্বনে বড়ায়ি চরিত্রের বিশেষত্ব সম্পর্কে আলোকপাত করো।

গ) ‘অন্নদামঙ্গল’ কাব্যে শিবের পৌরানিক মহিমা কীভাবে ব্যাহত হয়েছে তা সংক্ষেপে লেখো।

ঘ) ‘হুতোম প্যাঁচার নক্সা’ অবলম্বনে সেকালের কলিকাতার চড়ক পার্বনের পরিচয় দাও।

ঙ) রবীন্দ্রনাথের ‘ছেলেবেলা’ গ্রন্থ অবলম্বনে আব্দুল মাঝির সাহসিকতার পরিচয় দাও।

**৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** **১০ x ২ = ২০**

ক) চর্যাপদগুলিতে সমাজভাবনার পরিচয় কীভাবে উঠে এসেছে তা উদাহরণ সহ লেখো।

খ) ‘শ্রীকৃষ্ণকীর্ত্তন’ কাব্যের নাট্য ধর্মিতা আলোচনা করো।

গ) ভারতচন্দ্রের ‘অন্নদামঙ্গল’ কাব্যকে ‘নূতনমঙ্গল’ বলার দাবি কতখানি যুক্তিযুক্ত, তা লেখো।

ঘ) ‘হুতোম প্যাঁচার নক্সা’ - গ্রন্থের ভাষারীতি সম্পর্কে আলোচনা করো।

ঙ) ‘‘আমি জন্ম নিয়েছিলুম সেকেলে কলকাতায়’’—‘‘ছেলেবেলা’’ গ্রন্থে বর্ণিত সেকেলে কলকাতার পরিচয় দাও।